# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩



**ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ফোন- ০২৩৩৩৩৭২০৪৬
ওয়েবসাইট: knsirangamati.portal.gov.bd

## বার্ষিক প্রতিবেদন
## জুলাই ২০২২- জুন ২০২৩

**প্রকাশকাল**
৩০ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**সম্পাদক**
রুনেল চাকমা
পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি।

**সহযোগী সম্পাদক**
শুভ্র জ্যোতি চাকমা
রিসার্চ অফিসার-সদস্য
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি।

**সহযোগিতায়**
পলাশ কুমার চাকমা
উচ্চমান সহকারী
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি।

**আলোকচিত্র**
জনাব রনী দেওয়ান
অফিস সহকারী

**প্রকাশক**
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ফোন- ০২৩৩৩৩৭২০৪৬
ওয়েবসাইট: knsirangamati.portal.gov.bd

**ডিজাইন ও মুদ্রণে :**
সীবলী অফসেট প্রেস
কাকলী মার্কেট, কাঠালতলী,
ফোন: ০২৩৩৩৩৭২৩২৪

# মুখবন্ধ

পার্বত্য চট্টগ্রামে বসবাসরত ১১টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর (চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, পাংখোয়া, লুসাই, খিয়াং, চাক, খুমী, বম ও ম্রো) নিজস্ব ইতিহাস, ভাষা বর্ণমালা, সাহিত্য, বৈচিত্র্যময় জীবনধারা ও বর্ণাঢ্য সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধনের উদ্দেশ্যে ১৯৭৮ সালে সর্বপ্রথম রাঙ্গামাটিতে উপজাতীয় সাংস্কৃতিক সাংস্কৃতিক ইনস্টিটিউট (পূর্ব নাম) প্রতিষ্ঠিত হয়। সরকারেরর অর্থানুকূল্যে প্রতিষ্ঠানটি প্রায় ৪৫ বছর ধরে এ অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা, সাহিত্য, বৈচিত্র্যময় জীবনধারা ও বর্ণাঢ্য সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধনে কাজ করছে।

এ ইনস্টিটিউটের এক বছরের কর্মকান্ডের প্রতিচ্ছবি হিসেবে বার্ষিক প্রতিবেদন ২০২৩ প্রকাশিত হচ্ছে। ইনস্টিটিউটের কর্মকর্তা কর্মচারীদের পাঁশাপাশি এর বিভিন্ন অংশীজন যেমন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বয়ন, কারু, নাট্য ও সঙ্গীত-নৃত্য শিল্পী, পাঠক, গবেষকদের প্রকাশনাটি কাজে লাগবে বলে আশা করছি।

পরিশেষে সকলের সহযোগিতায় এ ইনস্টিটিউটের ভবিষ্যৎ উন্নয়ন তথা এ অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের নিজস্ব ইতিহাস, ভাষা, সাহিত্য, বৈচিত্র্যময় জীবনধারা ও বর্ণাঢ্য সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধনের অগ্রযাত্রার ধারা অব্যাহত রাখার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করছি।

**রুনেল চাকমা**
পরিচালক (ভারপ্রাপ্ত)
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি।

# প্রথম অধ্যায়

## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির পরিচিতি

## ১.১ প্রতিষ্ঠার পটভূমি :

বাংলাদেশের দক্ষিণ-পূর্ব প্রান্তে ৫০৯৩ বর্গমাইল এলাকা জুড়ে অবস্থিত গিরিনির্ঝরিণী হ্রদ, নদী, পাহাড় পর্বত এবং অরণ্যের মায়াবী লীলা নিকেতন বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল। এই পার্বত্য অঞ্চলটি ৩টি জেলায় বিভক্ত। এই তিনটি জেলা হলো রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা। স্মরণাতীত কাল থেকে এই পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী তাদের নিজস্ব ভাষা, সাহিত্য, রীতিনীতি, সমাজব্যবস্থা এবং ঐতিহ্যবাহী সংস্কৃতি নিয়ে বসবাস করে আসছে। এই ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরা হলো- চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, ম্রো, লুসাই, পাংখোয়া, বম, খিয়াং, চাক, খুমি ও গুর্খা। এই সকল ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধন এবং ঐ সকল সংস্কৃতিকে দেশের জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সহিত সম্পৃক্তকরণের উদ্দেশ্যে তৎকালীন শিক্ষা মন্ত্রণালয়ের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক বিভাগের স্মারক নং-এফ.২/৪৯/৭৬-(সি)/৫০০/৭, তারিখ-ঢাকা-২২.০৬.১৯৭৬ খ্রিঃ মূলে ১৯৭৮ সালে রাঙ্গামাটিতে উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে এই ইনস্টিটিউট তার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে কাজ করে আসছে। বিগত ১২ এপ্রিল ২০১০ইং মহান জাতীয় সংসদে “ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০” শিরোনামে আইন পাস হয়। এই আইনের মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে রূপলাভ করে। বর্তমানে এই ইনস্টিটিউট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা।

## ১.২ রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য:

**রূপকল্প:** সংস্কৃতি সচেতন মনস্ক পার্বত্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী।

**অভিলক্ষ্য:** পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব ইতিহাস, ভাষা, ঐতিহ্যবাহী কৃষ্টি, সংস্কৃতি, আচার অনুষ্ঠান, উৎসব, রীতিনীতি ও বৈচিত্র্যময় জীবনধারা সংরক্ষণ, উন্নয়ন, চর্চা এবং গবেষণার মাধ্যমে যুগোপযোগী উন্নয়ন ও উৎকর্ষ সাধন।

**উদ্দেশ্য:**

১। সংস্কৃতি সচেতন আলোকিত সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিল্প-সংস্কৃতির সংরক্ষণ ও উৎকর্ষ সাধন;

২। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ইতিহাস এবং লোকজ ও সাংস্কৃতিক ঐতিহ্যভিত্তিক চেতনার লালন এবং

৩। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মাতৃভাষা ও বর্ণমালা চর্চা, লালন এবং সমকালীন শিল্প সাহিত্যের বিকাশ সাধন।

## ১.৩ ইনস্টিটিউটের কার্যাবলী:

(ক) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত প্রত্যেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য তথা ভাষা, সাহিত্য, সঙ্গীত, নৃত্য, কারুশিল্প, ধর্ম, আচার-অনুষ্ঠান, রীতিনীতি, প্রথা, সংস্কার ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং গবেষণা কর্মসূচি পরিচালনা করা;

(খ) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত প্রত্যেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবনধারা, ইতহাস, ঐতিহ্য এবং সমাজ ও সংস্কৃতির উপর সেমিনার, সম্মেলন ও প্রদর্শনীর আয়োজন এবং সেই সব বিষয়ে পুস্তক ও সাময়িকী প্রকাশনা এবং প্রামাণ্য চিত্র ধারণ ও প্রচার করা;

(গ) সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের জনগণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সহিত সম্পৃক্ত করিবার লক্ষ্যে বিভিন্ন জাতীয় দিবস ও উৎসব উদযাপন, স্থানীয় শিল্পীদের রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের ব্যবস্থা করা;

(ঘ) আন্তঃজেলা সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি গ্রহণ করা;

(ঙ) নিজ ও সরকারি সহায়তায় দেশে ও বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রম তুলে ধরা;

(চ) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী উৎসবসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা;

(ছ) ভাষা, সাহিত্য, সঙ্গীত, নৃত্য, নাট্য ও চারুকলার বিষয়ে প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা;

(জ) সংশ্লিষ্ট অঞ্চলের সাংস্কৃতিক এবং নাট্য সংগঠনসমূহকে আর্থিক অনুদান এবং আর্থিকভাবে অস্বচ্ছল ও অসহায় শিল্পীদের আর্থিক সহায়তা প্রদান করা;

(ঝ) কৃতি ও বরেণ্য শিল্পীদের সম্মানী প্রদান করা;

(ঞ) কৃতি ও বরেণ্য শিল্পীদের সম্মাননা প্রদান করা;

(ট) সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক উপরকণাদি সংগ্রহপূর্বক জাদুঘর স্থাপন করা;

(ঠ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক বিকাশ সাধনে সরকার কর্তৃক গৃহিত পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন;

(ড) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পর্যটন শিল্প বিকাশে ব্যবস্থা গ্রহণ করা।

## ১.৪ ইনস্টিটিউটের নিজস্ব ভূমি:

অত্র ইনস্টিটিউটের মোট ৩.৫০ একর নিজস্ব জমি রয়েছে। অধিকন্তু ইনস্টিটিউটের খাগড়াছড়ি আঞ্চলিক কার্যালয়ের অধীনেও জেলা শহরে নিজস্ব ০:২০(বিশ)শতক জমি আছে এবং উক্ত জমির উপর একটি আধাপাকা অফিস ভবন কাম মিউজিক ট্রেনিং সেন্টার বিদ্যমান রয়েছে।

## ১.৫ ইনস্টিটিউটের স্থাপনা:

ইনস্টিটিউটের জমির উপর দ্বিতলবিশিষ্ট প্রশাসনিক ভবন, শীতাতপ নিয়ন্ত্রিত অডিটরিয়াম ভবন, ত্রিতলবিশিষ্ট উপজাতীয় জাদুঘর কাম লাইব্রেরি ভবন, ত্রিতলবিশিষ্ট মিউজিক ট্রেনিং সেন্টার কাম আর্টিস্ট হোস্টেল ভবন, উন্মুক্ত মঞ্চ এবং ঐতিহ্যবাহী মাচাং হাউজ রয়েছে।

## ১.৬ ইনস্টিটিউটের গঠন ও জনবল:

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির কার্যক্রম সম্পাদনের জন্য এ ইনস্টিটিউটে প্রশাসন ও অর্থ, সংস্কৃতি, গবেষণা ও প্রকাশনা এবং জাদুঘর ও লাইব্রেরী শাখা রয়েছে। অনুমোদিত ২৯ জন জনবলের বিপরীতে বর্তমানে ১২ জন কর্মরত রয়েছে।

| ক্র: নং | পদের নাম | অনুমোদিত পদ | কর্মরত | শূণ্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | পরিচালক | ০১টি | -- | ০১ | |
| ০২। | সহকারী পরিচালক | ০৪টি | ০১ | ০৩ | |
| ০৩। | গবেষণা কর্মকর্তা | ০১টি | ০১ | -- | |
| ০৪। | সাংস্কৃতিক কর্মকর্তা | ০১টি | ০১ | -- | |
| ০৫। | ফিল্ড অফিসার | ০১টি | - | ০১ | |
| ০৬। | প্রশিক্ষক (সঙ্গীত) | ০১টি | ০১ | -- | |
| ০৭। | প্রশিক্ষক (নৃত্য) | ০১টি | ০১ | -- | |
| ০৮। | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০১টি | ০১ | -- | |
| ০৯। | উচ্চমান সহকারী | ০১টি | ০১ | -- | |
| ১০। | হিসাব রক্ষক | ০১টি | -- | ০১ | |
| ১১। | লাইব্রেরীয়ান কাম জাদুঘর সহকারী | ০১টি | -- | ০১ | |
| ১২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩টি | ০১ | ০২ | |
| ১৩। | গাড়ি চালক | ০১টি | - | ০১ | |
| ১৪। | অফিস সহায়ক | ০৬টি | ০৩ | ০৩ | |
| ১৫। | পরিচ্ছন্নতা কর্মী | ০১টি | -- | ০১ | |
| ১৬। | নৈশ প্রহরী | ০১টি | ০১ | -- | |
| ১৭। | মিউজিয়াম এটেনডেন্ট | ০১টি | | ০১ | আউট সোর্সিং মাধ্যমে পূরণ যোগ্য পদ |
| ১৮। | লাইব্রেরী এটেনডেন্ট | ০১টি | -- | ০১ | |
| ১৯। | গার্ড | ০১টি | -- | ০১ | |
| | মোট- | ২৯ | ১২ | ১৭ | |

# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি

## কার্যাবলী

১. লোকসংগীত, নৃত্য, ইতিহাস, ঐতিহ্য ও সাহিত্যে উন্নয়ন করা;
২. সাংস্কৃতিক জীবন ধারার উন্নয়ন করা;
৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির উন্নয়ন সাধন করা;
৪. সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্স আয়োজন করা;
৫. বাংলাদেশের সাধারণ সংস্কৃতির সাথে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির সমন্বয় ঘটানো;
৬. লোকজ গল্প, লোকজ গান, ঐতিহাসিক তথ্য-উপাত্ত ও পান্ডুলিপি সংগ্রহ করা;
৭. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি, প্রথাগত রীতিনীতি ও তাদের জীবনাচরণ ইত্যাদির তথ্যাদি সংগ্রহ করা; এবং
৮. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের শিক্ষা, সংস্কৃতিক ও সামাজিক বিভিন্ন তথ্যাদি সম্পর্কে জরিপের কাজ পরিচালনা করা।

## নির্বাহী পরিষদ

### পরিচালক

জনবল: ০৪
১x পরিচালক
১x সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পি: অপারেটর
১x অফিস সহায়ক
১x গাড়ীচালক

### প্রশাসন ও অর্থ শাখা

জনবল: ০৮
১x সহকারী পরিচালক
১x উচ্চমান সহকারী
১x হিসাব রক্ষক
১x অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক
২x অফিস সহায়ক
১x নৈশ প্রহরী
১x পরিচ্ছন্নতা কর্মী

### সংস্কৃতি শাখা

জনবল: ০৫
১x সহকারী পরিচালক
১x সাংস্কৃতিক কর্মকর্তা
১x প্রশিক্ষক (সংগীত)
১x প্রশিক্ষক (নৃত্য)
১x অফিস সহায়ক

### গবেষণা ও প্রকাশনা শাখা

জনবল: ০৪
১x সহকারী পরিচালক
১x গবেষণা কর্মকর্তা
১x অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক
১x অফিস সহায়ক

### গ্রন্থাগার ও জাদুঘর শাখা

জনবল: ০৮
১x সহকারী পরিচালক
১x ফিল্ড অফিসার
১x লাইব্রেরিয়ান কাম জাদুঘর সহকারী
১x অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক
১x মিউজিয়াম এটেনডেন্ট
১x লাইব্রেরী এটেনডেন্ট
১x অফিস সহায়ক
১x গার্ড

| ক্র.নং | পদের বিবরণ | গ্রেড | পদ |
|---|---|---|---|
| ০১. | পরিচালক | ৬ষ্ঠ | ০১ |
| ০২. | সহকারী পরিচালক | ৯ম | ০৪ |
| ০৩. | গবেষণা কর্মকর্তা | ১০তম | ০১ |
| ০৪. | সাংস্কৃতিক কর্মকর্তা | ১০তম | ০১ |
| ০৫. | ফিল্ড অফিসার | ১০তম | ০১ |
| ০৬. | প্রশিক্ষক (সংগীত), প্রশিক্ষক (নৃত্য) | ১৩তম | ০২ |
| ০৭. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পি: অপারেটর | ১৪তম | ০১ |
| ০৮. | উচ্চমান সহকারী | ১৪তম | ০১ |
| ০৯. | হিসাব রক্ষক | ১৪তম | ০১ |
| ১০. | লাইব্রেরিয়ান কাম জাদুঘর সহকারী | ১৪তম | ০১ |
| ১১. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬তম | ০৩ |
| ১২. | গাড়ি চালক | ১৬তম | ০১ |
| ১৩. | অফিস সহায়ক | ২০তম | ০৬ |
| ১৪. | মিউজিয়াম এটেনডেন্ট | আউট সোসিং | ০১ |
| ১৫. | লাইব্রেরী এটনডেন্ট | ঐ | ০১ |
| ১৬. | গার্ড | ঐ | ০১ |
| ১৭. | পরিচ্ছন্নতা কর্মী | ঐ | ০১ |
| ১৮. | নৈশ প্রহরী | ঐ | ০১ |
| -- | -- | মোট | ২৯ |

## যানবাহন ও অফিস সরঞ্জামাদির বিবরণ

১। যানবাহন : ১x মাইক্রোবাস
: ১x মোটর সাইকেল

২। অফিস সরঞ্জামাদি
: ১x জেনারেটর/আইপিএস
: ১x টেলিফোন সেট
: অগ্নি নির্বাপক যন্ত্র (প্রয়োজনীয় সংখ্যক)
: ১x ডিজিটাল ফটোষ্ট্যাট
: ১x ক্যাসেট রেকর্ডার
: ১x ডিজিটাল ভিডিও ক্যামেরা
: ১x স্লাইট প্রজেক্টর
: ১x ক্যামেরা

## ১.৭। আইন ও বিধি

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিগত ১২ এপ্রিল ২০১০ইং মহান জাতীয় সংসদে "ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০" শিরোনামে আইন পাস হয়। এ আইনের মাধ্যমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান।

### প্রবিধানমালা

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ (২০১০ সনের ২৩নং আইন) মোতাবেক গত ০৪ জানুয়ারি ২০২২ তারিখ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ অনুমোদিত হয়।

## ১.৮ কার্যনির্বাহী পরিষদ:

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ এর ৭ ধারা অনুসারে ইনস্টিটিউটের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষে বর্তমানে ১০ (দশ) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদ।

| | | |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ | সভাপতি |
| ০২. | উপ-সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ০৩. | উপ-সচিব, সংশ্লিষ্ট অধিশাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ০৪. | নিরূপা দেওয়ান, প্রাক্তন জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি | সদস্য |
| ০৫. | জনাব দিলীপ বাহাদুর রায়, ডিএসবি কলোনী, তবলছড়ি, রাঙ্গামাটি | সদস্য |
| ০৬. | জনাব মনোজ বাহাদুর গুর্খা, জেল রোড, কন্ট্রাক্টর পাড়া, রাঙ্গামাটি | সদস্য |
| ০৭. | জনাব প্রণব কুমার ত্রিপুরা, গর্জনতলী, রাঙ্গামাটি | সদস্য |
| ০৮. | জনাব মুজিবুল হক বুলবুল, প্রাক্তন জেলা কালচারাল অফিসার, শিল্পকলা একাডেমী, রাঙ্গামাটি | সদস্য |
| ০৯. | জনাব সোহেল রানা, ভেদভেদী মুসলিম পাড়া, রাঙ্গামাটি | সদস্য |
| ১০. | পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি | সদস্য-সচিব |

## ১.৯ সেবা প্রদান প্রতিশ্রুতি:

**ভিশন:** সংস্কৃতি সচেতন মনস্ক পার্বত্য ক্ষুদ্র নৃগোষ্ঠী।

**মিশন:** ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, লোকশিল্প, মাতৃভাষা, বর্ণমালা, সাহিত্য, রীতিনীতি, প্রথা ইত্যাদির লালন, সংরক্ষণ এবং গবেষণার মাধ্যমে যুগোপযোগীর উন্নয়ন ও উৎকর্ষ সাধন।

### নাগরিক সেবা


| ক্র.নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি ফোন নম্বর এবং ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং বাংলা (উচ্চাঙ্গ ও সাধারণ) সঙ্গীত প্রশিক্ষণ<br><br>(০২ বৎসর মেয়াদী) | সরাসরি | যোগ্যতা<br>১। বয়স সীমা: ৬-১৬ বছর<br>২। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী<br><br>প্রয়োজনীয় কাগজপত্র<br>১। ১ কপি টাসপোর্ট সাইজ ছবি<br>২। জন্ম নিবন্ধনের ফটোকপি। | ভর্তি ফি<br>১৫০/- টাকা<br><br>মাসিক ফি<br>১০০/- টাকা<br><br>পরিশোধ পদ্ধতি<br>সরাসরি। | প্রতি সপ্তাহের বৃহস্পতিবার ও শুক্রবার<br><br>সকাল ৯:০০টা-বিকাল ৫টা পর্যন্ত<br><br>(শিক্ষার্থী উপস্থিত থাকলে অন্যান্য বারেও উল্লিখিত | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |

| ক্র.নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি ফোন নম্বর এবং ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২। | ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং বাংলা নৃত্য প্রশিক্ষণ<br><br>(০২ বৎসর মেয়াদী) | সরাসরি | ঐ | ঐ | ঐ | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ৩। | চারুকলা প্রশিক্ষণ<br><br>(০১ বছর মেয়াদী) | সরাসরি | ঐ | ঐ | প্রতি সপ্তাহের বৃহস্পতিবার ও শুক্রবার<br>বিকাল ৩-৫টা পর্যন্ত | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ৪। | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী গেংখুলী/উভগীত প্রশিক্ষণ<br>(১৫/২০ দিন) | সরাসরি | যোগ্যতা<br>১। বয়স সীমা: ১২-২৫ বছর<br>২।মাধ্যমিক ও কলেজ পর্যায়ের শিক্ষার্থী<br><br>প্রয়োজনীয় কাগজপত্র<br>১। ১ কপি টাসপোর্ট সাইজ ছবি<br>২। জন্ম নিবন্ধনের ফটোকিপ। | বিনামূল্যে | ইনস্টিটিউট কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ৫। | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাট্য প্রশিক্ষণ<br>(১৫/২০ দিন) | সরাসরি | ঐ | বিনামূল্যে | ইনস্টিটিউট কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ৬। | চলচ্চিত্র নির্মাণ বিষয়ক প্রশিক্ষণ<br><br>(১৫/২০ দিন) | সরাসরি | ঐ | বিনামূল্যে | ইনস্টিটিউট কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ৭। | কাপ্তাই, কাউখালী, রাজস্থলী, নানিয়ার-চর, বিলাইছড়ি, জুরাছড়ি, বরকল, লংগদু ও বাঘাইছড়ি উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ<br><br>(০২ বৎসর মেয়াদী) | সরাসরি | যোগ্যতা<br>১। বয়স সীমা: ৬-১৬ বছর<br>২। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী<br><br>প্রয়োজনীয় কাগজপত্র<br>১। ১ কপি টাসপোর্ট সাইজ ছবি<br>২। জন্ম নিবন্ধনের ফটোকিপ। | ভর্তি ফি<br>১৫০/- টাকা<br><br>মাসিক ফি<br>১০০/- টাকা<br><br>পরিশোধ পদ্ধতি<br>সরাসরি। | প্রতি সপ্তাহের বৃহস্পতিবার ও শুক্রবার<br>বিকাল ৩-৫টা পর্যন্ত | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ৮। | ক্ষুদ্র নৃগোষ্ঠী চাকমা, মারমা, ত্রিপুরা ও তঞ্চঙ্গ্যা ভাষা ও বর্ণমালা শিক্ষা প্রশিক্ষণ<br><br>(১৫/২০ দিন) | সরাসরি | যোগ্যতা<br>১। বয়স সীমা: ১২-২৫ বছর<br>২।মাধ্যমিক ও কলেজ পর্যায়ের শিক্ষার্থী<br><br>প্রয়োজনীয় কাগজপত্র<br>১। ১ কপি টাসপোর্ট সাইজ ছবি<br>২। জন্ম নিবন্ধনের ফটোকিপ। | বিনামূল্যে | ইনস্টিটিউট কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক | জনাব শুভ্র জ্যোতি চাকমা<br>গবেষনা কর্মকর্তা<br>০১৫৩১৫৭৪৯৮৮<br>shuvrachakma71@g-mail.com |

| ক্র.নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি ফোন নম্বর এবং ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১১। | ২৬০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম ভাড়া প্রদান | সরাসরি<br><br>কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে পরিচালক বরাবরে আবেদন করতে | সকাল ৯টা- বিকাল ৬টা পর্যন্ত ভাড়া ১০,০০০/-(দশ হাজার) টাকা<br><br>মোট ভাড়ার উপর প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও উৎসে কর আলাদাভাবে পরিশোধ করতে হবে।<br><br>নির্ধারিত সময়ের অতিরিক্ত ব্যবহার করলে প্রতিঘন্টা ১,০০০/- টাকা | সরাসরি/ইন-স্টিটিউটের হিসাবে জমা দান | সকাল ৯:০০টা হতে রাত ৯:০০টা পর্যন্ত | জনাব শোভিত চাকমা<br>কালচারাল অফিসার<br>০১৮২০৪২৯৭০৯<br>sovitchakma76@g-mail.com |
| ১২। | গেষ্ট হাউস ভাড়া প্রদান | ঐ | প্রতিকক্ষ দৈনিক ২০০/-(দুই-শত) টাকা | সরাসরি | অফিস চলাকলীন সময় পর্যন্ত। | জনাব পলাশ কুমার চাকমা<br>উচ্চমান সহকারী<br>০১৮২৫৪৮৮৬১৪ |
| ১৩। | হোস্টেলের সীট ভাড়া প্রদান | ঐ | প্রতিবেড দৈনিক ২০০/-(দুই-শত) টাকা | সরাসরি | ঐ | ঐ |
| ১৪। | উন্মুক্ত মঞ্চসহ মাঠ ভাড়া প্রদান | ঐ | সকাল ৯টা- বিকাল ৬টা পর্যন্ত ভাড়া ১০,০০০/-(দশ হাজার) টাকা<br><br>মোট ভাড়ার উপর প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও উৎসে কর আলাদাভাবে পরিশোধ করতে হবে। | সরাসরি | সকাল ৯:০০টা হতে রাত ৯:০০টা পর্যন্ত | ঐ |
| ১৫। | জাদুঘর পরিদর্শন | সরাসরি<br><br>টিকেট কাউন্টার থেকে টিকেট সংগ্রহ করতে হবে। | প্রবেশ মূল্য<br>৫-১২ বয়স পর্যন্ত ১০(দশ) টাকা জনপ্রতি<br>১২ বয়সের উর্ধে ২০(বিশ) টাকা জনপ্রতি<br><br>বিদেশী ১০০/-(একশত) টাকা জনপ্রতি | সরাসরি | অফিস চলাকলীন সময় পর্যন্ত। | জনাব প্রদীপ কুমার দে<br>লাইব্রেরীয়ান<br>মোবা: ০১৫৫৬৭০১১৪৭<br>ই-মেইল |
| ১৬। | লাইব্রেরী ব্যবহার | সরাসরি | প্রবেশ মূল্য ১০/-(দশ) টাকা জনপ্রতি | সরাসরি | অফিস চলাকলীন সময় পর্যন্ত। | ঐ |
| ১৭। | ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত প্রকাশনা বিক্রয় | সরাসরি | প্রযোজ্য মূল্য অনুসারে | সরাসরি | ঐ | ঐ |



নির্বাহী পরিষদের সভা



জাদুঘরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মোসাম্মৎ জোহরা খাতুন



ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীসহ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মোসাম্মৎ জোহরা খাতুন



সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সাবিহা পারভীন ইনস্টিটিউট পরিদর্শনে

## ৮। ইনস্টিটিউটের ২০২২-২৩ অর্থবছরের কোড ভিত্তিক খরচের বিবরণী

| অর্থনৈতিক কোড | বিবরণ | সংশোধিত বাজেট (২০২২-২৩) | ব্যয় (২০২২-২৩) | ব্যয় অবশিষ্ট (২০২২-২৩) |
|---|---|---|---|---|
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা | ৬৬,৫০,০০০.০০ | ৪৮,০৪,৯২০.০০ | ১৮,৪৫,০৮০.০০ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৬৩,৫০,০০০.০০ | ৪০,৬৯,২১০.০০ | ২২,৮০,৭৯০.০০ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ৫৪,৩৬,০০০.০০ | ৪৬,৬৭,৩৭৩.০০ | ৭,৬৮,৬২৭.০০ |
| ৩৬৩১১০৪ | পেনশন ও অবসর সুবিধা সহায়তা | ১৪,০০,০০০.০০ | ০০ | ১৪,০০,০০০.০০ |
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ৩,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ০০ |
| | মোট | ২,০১,৩৬,০০০.০০ | ১,৩৮,৪১,৫০৩.০০ | ৬২,৯৪,৪৯৭.০০ |

## ৯। নিজস্ব আয়ের হিসাবঃ

| ক্রমিক নং | আয়ের উৎস | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১। | জাদুঘরের প্রবেশ ফি | ৩০,৮০০.০০ |
| ০২। | ইনস্টিটিউটর নিজস্ব বই বিক্রি | ৩৩,০১৮.০০ |
| ০৩। | অডিটোরিয়াম ও মাঠ ভাড়া | ৮৬,০০০.০০ |
| ০৪। | সংগীত ও নৃত্য প্রশিক্ষণ ফি বাবদ | ৩৮,৭০০.০০ |
| | মোট | ১,৮৮,৫১৮.০০ |

## ১০। অবসর গ্রহণ:

| ক্রমিক | কর্মচারীর নাম | পদবি | পিআরএল এর তারিখ |
|---|---|---|---|
| ১। | মিসেস তৃণা দেওয়ান | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩১/১২/২০২২ |

## ১১। ইনস্টিটিউটের অনিষ্পন্ন অডিট আপত্তি:

২০23 সালের জুন মাস পর্যন্ত এ ইনস্টিটিউটের মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ০৫ টি। জড়িত টাকার পরিমাণ ১৪.৮৮ লক্ষ টাকা।

## ১২। লাইব্রেরী:

লাইব্রেরীর জন্য প্রতিবছর বিভিন্ন বিষয়ের উপর বই সংগ্রহ করা হয়। এরই অংশ হিসেবে ২০২২-২৩ অর্থ বছরে মোট ২০টি বই সংগ্রহ করা হয়েছে। বর্তমানে ইনস্টিটিউটের লাইব্রেরীতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উপর বইসহ সাধারণ বইয়ের সংখ্যা মোট ১০০০০।

## ১৩। জাদুঘর:

ইনস্টিটিউটের জাদুঘরে সংরক্ষণ ও প্রদর্শনের উদ্দেশ্যে প্রতিবছর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ব্যবহার্য ঐতিহ্যবাহী অলংকার, তৈজসপত্র ইত্যাদি নিদর্শন সংগ্রহ করা হয়। এরই অংশ হিসেবে ২০২২-২৩ অর্থ বছরে মোট ১০টি সংগ্রহ করা হয়েছে। জাদুঘরে নিদর্শনের সংখ্যা বর্তমানে ২৫০০।

## ১৪। ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত বই :

| ক্রঃ নং | বইয়ের নাম | প্রকাশকাল | মূল্য | কমিশনের হার | কমিশন বাদে মূল্য |
|---|---|---|---|---|---|
| ১. | গিরিনির্ঝর ৪র্থ সংখ্যা | ১৯৮৪ | ৩০.০০ | - | ৩০/- |
| ২. | গিরিনির্ঝর ৫ম সংখ্যা | ১৯৮৭ | ১৬.০০ | - | ১৬/- |
| ৩. | গিরিনির্ঝর ৬ষ্ঠ সংখ্যা | ১৯৮৮ | ২৪.০০ | - | ২৪/- |
| ৪. | গিরিনির্ঝর ৭ম সংখ্যা | ১৯৮৯ | ২৭.০০ | - | ২৭/- |
| ৫. | গিরিনির্ঝর ৮ম সংখ্যা | ১৯৯০ | ৩৮.০০ | - | ৩৮/- |
| ৬. | চাকমা ভাষা শিক্ষার ১ম পাঠ (৫ম মুদ্রণ) | ২০১০ | ৬০.০০ | ২৫% | ৪৫/- |
| ৭. | মারমা ভাষা শিক্ষার ১ম পাঠ | ১৯৮৪ | ২৫.০০ | - | ২৫/- |
| ৮. | ত্রিপুরা ভাষা শিক্ষার ১ম পাঠ | ১৯৮৪ | ২৫.০০ | - | ২৫/- |
| ৯. | ত্রিপুরা পূজা পার্বণ | - | ২৭.০০ | - | ২৭/- |
| ১০. | চাকমা পূজা পার্বণ | ১৯৮৯ | ১৪.০০ | - | ১৪/- |
| ১১. | চাকমা ভাষার শব্দকোষ | ১৯৯৬ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ১২. | ত্রিপুরা ককবোরক ভাষার অভিধান ও ব্যাকরণ | ১৯৮৯ | ৪৭.০০ | ৩০% | ৩৩/- |
| ১৩. | পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় ভাষা | ১৯৮৮ | ৩০.০০ | - | ৩০/- |
| ১৪. | উপজাতীয় গবেষণা পত্রিকা (১ম ও ২য় সংখ্যা) প্রথম মুদ্রণ-১৯৮১ | ১৯৮৪ | ১০০.০০ | ৫০% | ৫০/- |
| ১৫. | উপজাতীয় গবেষণা পত্রিকা (৩য় সংখ্যা) | ২০০৩ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ১৬. | পার্বত্য চট্টগ্রামের প্রকৃতি ও সংস্কৃতি (২য় সংস্করণ) | ২০১২ | ২২০.০০ | ২৫% | ১৬৫/- |
| ১৭. | পার্বত্য চট্টগ্রাম ও লুসাই পাহাড় | ১৯৯৬ | ১৩০.০০ | ৩০% | ৯১/- |
| ১৮. | চট্টগ্রামের পার্বত্য অঞ্চল ও তার অধিবাসীবৃন্দ | ১৯৯৬ | ২৩০.০০ | ৩০% | ১৬১/- |
| ১৯. | বৈসাবি-৯৬ | ১৯৯৬ | ৫০.০০ | ৩০% | ৩৫/- |
| ২০. | বৈসাবি-৯৮ | ১৯৯৮ | ২৫.০০ | - | ২৫/- |
| ২১. | বৈসাবি-৯৯ | ১৯৯৯ | ৩০.০০ | - | ৩০/- |
| ২২. | বৈসাবি-২০০০ | ২০০০ | ৩০.০০ | - | ৩০/- |
| ২৩. | বৈসাবি-২০০১ | ২০০১ | ৩০.০০ | - | ৩০/- |
| ২৪. | বৈসাবি-২০০২ | ২০০২ | ৩০.০০ | - | ৩০/- |
| ২৫. | বৈসাবি-২০০৩ | ২০০৩ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ২৬. | বৈসাবি-২০০৪ | ২০০৪ | ১০০.০০ | ৩০% | ৭০/- |

| ক্রঃ নং | বইয়ের নাম | প্রকাশকাল | মূল্য | কমিশনের হার | কমিশন বাদে মূল্য |
|---|---|---|---|---|---|
| ২৭. | বিজু-সাংগ্রাই-বৈসুক-২০০৫ | ২০০৫ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ২৮. | বিজু-সাংগ্রাই-বৈসুক-২০০৬ | ২০০৬ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ২৯. | বিজু-সাংগ্রাই-বৈসুক-২০০৭ | ২০০৭ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৩০. | বিজু-সাংগ্রাই-বৈসুক-বিষু-২০০৮ | ২০০৮ | ১১০.০০ | ২৫% | ৮৩/- |
| ৩১. | বিজু-সাংগ্রাই-বৈসুক-বিষু-২০০৯ | ২০০৯ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৩২. | বিজু-সাংগ্রাইং-বৈসুক-বিষু-২০১০ | ২০১০ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৩৩. | বিজু-২০১১ | ২০১১ | ১২০.০০ | ২৫% | ৯০/- |
| ৩৪. | বৈসুক-২০১২ | ২০১২ | ১২০.০০ | ২৫% | ৯০/- |
| ৩৫. | সাংগ্রাই-২০১৩ | ২০১৩ | ২৫০.০০ | ২৫% | ১৮৮/- |
| ৩৬. | চম্পকনগর সন্ধানেঃ বিবর্তনের ধারায় চাকমা জাতি | ১৯৯৯ | ১২০.০০ | ৩০% | ৮৪/- |
| ৩৭. | বাংলাদেশের দক্ষিণ পূর্বাঞ্চলের আদিম জনগোষ্ঠী | ১৯৯৮ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ৩৮. | চাকমা সমাজ ও সংস্কৃতি | ১৯৯৮ | ৯০.০০ | ৩০% | ৬৩/- |
| ৩৯. | ত্রিপুরা রূপকথা | ১৯৯৯ | ৬০.০০ | ৩০% | ৪২/- |
| ৪০. | চাকমা ও চাক ইতিহাস আলোচনা | ২০০০ | ৭০.০০ | ৩০% | ৫০/- |
| ৪১. | চাকমা রূপকাহিনী | ২০০০ | ১১০.০০ | ৩০% | ৭৭/- |
| ৪২. | বাংলাদেশের চাকমা ভাষা ও সাহিত্য | ২০০২ | ২০০.০০ | ৩০% | ১৪০/- |
| ৪৩. | চান্দবী বারমাস ও চিত্ররেখা বারমাস | ২০০৩ | ৬০.০০ | ৩০% | ৪২/- |
| ৪৪. | পার্বত্য চট্টগ্রামের ভূমি রাজস্ব ব্যবস্থা উদ্ভব ও ক্রমবিকাশ | ২০০৩ | ২২০.০০ | ৩০% | ১৫৪/- |
| ৪৫. | রাধামন ধনপুদি | ২০০৪ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ৪৬. | উপজাতীয় রূপকথা, লোককাহিনী ও কিংবদন্তী (২য় সংস্করন) -১ম খন্ড | ২০১০ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ৪৭. | উপজাতীয় রূপকথা, লোককাহিনী ও কিংবদন্তী ২য় খন্ড | ২০০৪ | ১৬০.০০ | ৩০% | ১১২/- |
| ৪৮. | তঞ্চঙ্গ্যা রূপকথা, লোককাহিনী ও কিংবদন্তী | ২০০৫ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ৪৯. | চাকমা প্রবাদ প্রবচন, বাগধারা ও ধাঁধাঁ | ২০০৫ | ১০০.০০ | ৩০% | ৭০/- |
| ৫০. | পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় নান্দনিক সংস্কৃতি | ২০০৬ | ২৫০.০০ | ২৫% | ১৮৮/- |
| ৫১. | চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ-আঘরতারা বিশ্লেষণ | ২০০৬ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৫২. | এ্যবব ঈযধশসধ জধপব | ২০০৬ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৫৩. | Pleasing Tribal Cultures in Chittagong Hill Tracts | ২০০৭ | ৩৫০.০০ | ২৫% | ২৬৩/- |
| ৫৪. | চাকমা প্রথম পাঠ | ২০০৮ | ৮০.০০ | ২৫% | ৬০/- |
| ৫৫. | পার্বত্য চট্টগ্রামের উৎসব ও বিবাহ | ২০০৭ | ১৬০.০০ | ২৫% | ১২০/- |
| ৫৬. | পার্বত্য চট্টগ্রামের বিংশ শতাব্দীর কবিতা | ২০০৮ | ২০০.০০ | ২৫% | ১৫০/- |
| ৫৭. | পার্বত্য চট্টগ্রামের উপজাতি | ২০০৯ | ২৫০.০০ | ২৫% | ১৮৮/- |
| ৫৮. | পার্বত্য চট্টগ্রাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সঙ্গীত ও নৃত্য | ২০১১ | ২৫০.০০ | ২৫% | ১৮৮/- |
| ৫৯. | পার্বত্য চট্টগ্রাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নির্বাচিত গান (১ম খন্ড) | ২০১১ | ২২০.০০ | ২৫% | ১৬৫/- |
| ৬০. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর গবেষণা পত্রিকা-৪র্থ খন্ড | ২০১০ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৬১. | পার্বত্য চট্টগ্রাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা ও সাহিত্য | ২০১১ | ১৮০.০০ | ২৫% | ১৩৫/- |
| ৬২. | পার্বত্য চট্টগ্রাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বর্ণাঢ্য সংস্কৃতি | ২০১১ | ৪০০.০০ | ২৫% | ৩০০/- |
| ৬৩. | ত্রিপুরা লোককাহিনী ও কিংবদন্তী | ২০১২ | ১০০.০০ | ২৫% | ৭৫/- |
| ৬৪. | ম্রো রূপকথা | ২০১২ | ১২০.০০ | ২৫% | ৯০/- |
| ৬৫. | লামাহ্ পালাহ্ বারমাস | ২০১২ | ১৬০.০০ | ২৫% | ১২০/- |
| ৬৬. | চাকমা ২য় পাঠ | ২০১৩ | ৮০.০০ | ২৫% | ৬০/- |
| ৬৭. | চাকমা ও বাংলা অভিধান | ২০১৬ | ৩২০.০০ | ২৫% | ২৪০/- |

## ১৫। ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত সঙ্গীত ও নৃত্যের সিডি, স্টিরিও ক্যাসেট, ভিউকার্ড ও ভিডিও সিডির মূল্য তালিকা

| ক্রমিক নং | বিবরণ | প্রতিটির মূল্য |
|---|---|---|
| ১. | রাধামন-ধনপুদি পালাগানের সিডি | ৬০/- |
| ২. | "রাঙ্গামাটির পাহাড়ে" শীর্ষক বাংলাগানের সিডি | ৯০/- |
| ৩. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মিশ্র গানের সিডি | ৬০/- |
| ৪. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাচের উপর ধারণকৃত ভিডিও সিডি | ১০০/- |
| ৫. | ভিউ কার্ড | ৫/- |
| ৬. | চাকমা প্রামাণ্য চিত্র | ১০০/- |
| ৭. | মারমা প্রামাণ্য চিত্র | ১০০/- |
| ৮. | ত্রিপুরা প্রামাণ্য চিত্র | ১০০/- |
| ৯. | চাকমা মিউজিক ভিডিও | ১০০/- |
| ১০. | ত্রিপুরা মিউজিক ভিডিও | ১০০/- |

## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির নিজস্ব ভবন



জাদুঘর কাম লাইব্রেরী ভবন



মিউজিক ট্রেনিং সেন্টার কাম আর্টিস্ট হোস্টেল ভবন



২৬৫ আসন বিশিষ্ট অডিটোরিয়াম




মাচাং ঘর

# দ্বিতীয় অধ্যায়

## ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি

# ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি





## ১৫ই আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস পালন

স্বাধীনতার মহান স্থপিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে শিশু কিশোরদের চিত্রাংকন ও বঙ্গবন্ধুর উপর গানের প্রতিযোগিতা আয়োজন করা হয়। ১৫ই আগস্ট ২০২২ তারিখ সকাল ১০:০০ঘটিকার বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয় এবং দোয়া মাহফিল আয়োজন করা হয়।







## বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিবের জন্ম দিন পালন

বঙ্গমাতা মেখ ফজিলাতুন নেসা মুজিবের জন্ম দিন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে আলোচনা সভা এবং দু:স্থ ও অসহায়দের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।




## শেখ রাসেল দিবস উদযাপন

শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে শিশু কিশোরদের চিত্রাংকন ও ছড়াগান প্রতিযোগিতা আয়োজন করা হয় এবং শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।




## মহান বিজয় দিবস ২০২২ উদযাপন

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির উদ্যোগে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।






## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে শিশু কিশোরদের চিত্রাংকন ও সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।







## ঐতিহাসিক ০৭ মার্চ দিবস উদযাপন

ঐতিহাসিক ০৭ মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে অত্র ইনস্টিটিউটের উদ্যোগে শিশু কিশোরদের চিত্রাংকন, বঙ্গবন্ধু ভাষণ ও দেশাত্ববোধক গানের প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।






## জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের অডিটোরিয়ামে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।





## মহান স্বাধীনতা দিবস ২০২৩ উদযাপন

২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে ইনস্টিটিউটের অডিটোরিয়ামে কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।







## চাকমা ভাষা ও বর্ণমালা শিক্ষা প্রশিক্ষণ

ইনস্টিটিউটের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২৩/০৮/২০২২ থেকে ০৩/০৯/২০২২ তারিখ ১২ দিনব্যাপী "চাকমা ভাষা ও বর্ণমালা শিক্ষা প্রশিক্ষণ কোর্স" বাস্তবায়ন করা হয়। প্রশিক্ষণে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া মোট ২০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয়।






## ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাটক প্রশিক্ষণ

ইনস্টিটিউটের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২১/০৯/২০২২ইং থেকে ৪/১০/২০২২ইং তারিখ পর্যন্ত ১৪ দিনব্যাপী নাটক প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হয়। প্রশিক্ষণে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মোট ১৫ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয় এবং প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে "জীবন নাট্য" শীর্ষক নাটকটি মঞ্চস্থ হয়।






## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাটক মঞ্চায়ন

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় রাঙ্গামাটি জেলাধীন বিলাইছড়ি উপজেলায় ১০/১২/২০২২ তারিখ বিকাল ৫:০০ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে "জীবননাট্য" শীর্ষক নাটক মঞ্চস্থ হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব উম্মুল বানীন দ্যুতি, বিলাইছড়ি উপজেলার নির্বাহী কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকার লোকজন নাটকটি উপভোগ করেন।







## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী গেংখুলী/উভাগীত গানের আসর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় রাঙ্গামাটি জেলাধীন সদর উপজেলায় বোয়াল্লে, বড়াদাম গ্রামে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী গেংখুলী/উভগীত গানের অনুষ্ঠান আয়োজন করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব উম্মুল বানীন দ্যুতি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকার লোকজন অনুষ্ঠানটি উপভোগ করেন।






## কাউখালী উপজেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোকচিত্র প্রদর্শনী আয়োজন

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় রাঙ্গামাটি জেলাধীন কাউখালী উপজেলায়র বড় ডুলুপাড়া গ্রামে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোকচিত্র প্রদর্শনী আয়োজন করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব উম্মুল বানীন দ্যুতি, উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা সাদিয়া নূরিয়া ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।





## চাকমা ভাষা ও বর্ণমালা লেখা প্রতিযোগিতা আয়োজন

ইনস্টিটিউটের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে চাকমা ভাষা ও বর্ণমালা লেখা প্রতিযোগিতা আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিজয়দেরকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হয়।





## বিজু সাংগ্রাই বৈসুক বিষু বিহু মেলা ২০২৩

পার্বত্য চট্টগ্রাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ঐতিহ্যবাহী প্রধান সামাজিক উৎসব বিজু সাংগ্রাই বৈসুক বিষু বিহু ২০২৩ উপলক্ষে এ ইনস্টিটিউটের উদ্যোগে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ-এর সার্বিক সহযোগিতায় গত ৩-৭ এপ্রিল ২০২৩ তারিখ ইনস্টিটিউট প্রাঙ্গণে পাঁচ দিনব্যাপী "বিজু সাংগ্রাই বৈসুক বিষু বিহু মেলা" অনুষ্ঠিত হয়। খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব দীপংকর তালুকদার এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে মেলার শুভ উদ্বোধন করেন।





## নদীতে ফুল ভাসানো উৎসব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় পার্বত্য চট্টগ্রাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ঐতিহ্যবাহী প্রধান সামাজিক উৎসব বিজু সাংগ্রাই বৈসুক বিষু বিহু ২০২৩ উপলক্ষে ফুল বিজুর দিন গত ১২ এপ্রিল ২০২৩ তারিখ সকাল ৭:৩০ ঘটিকায় রাঙ্গামাটি শহরের কেরাণী পার্ক এ নদীতে ফুল ভাসানো উৎসব আয়োজন করা হয়। নদীতে ফুল ভাসানো উৎসবে প্রধান অতিথি হিসেবে রাঙ্গামাটির জেলা প্রশাসক জনাব মোহাম্মদ মিজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের নির্বাহী কর্মকর্তা সুবর্ণা চাকমা ও বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাগণ স্বপরিবারে উপস্থিত ছিলেন।





## বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন

বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে ১৪/০৪/২০২৩ইং তারিখ রাঙ্গামাটি জেলা প্রশাসক কার্যালয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইনস্টিটিউটের শিল্পীরা নৃত্য ও গান পরিবেশন করেন। অনুষ্ঠানে জেলা প্রশাসনের সকল কর্মকর্তা ও কর্মচারী এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।





## বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উদযাপন

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উদযাপন ইনস্টিটিউটের উদ্যোগে ৮ মে ২০২৩ তারিখ ইনস্টিটিউটের অডিটোরিয়ামে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইনস্টিটিউটের শিল্পীরা নৃত্য-সঙ্গীত পরিবেশন করেন।






## জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উদযাপন:

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে ২৫ মে ২০২৩ তারিখ ইনস্টিটিউটের অডিটোরিয়ামে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইনস্টিটিউটের শিল্পীরা নৃত্য-সঙ্গীত পরিবেশন করেন।






## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী "আহ্ লপালনি" উৎসব পালন:

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র(এপিএ) কার্যক্রম/কর্মসম্পাদন সূচক অনুযায়ী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী "আহ্ লপালনি" উৎসব পালন উপলক্ষ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির উদ্যোগে ২১ জুন ২০২৩ তারিখ রোজ বুধবার রাঙ্গামাটি সদর উপজেলার কুতুকছড়ি উত্তর পাড়া গ্রামে "আহ্ লপালনি" উৎসব পালন করা হয়। এ উপলক্ষে ইনস্টিটিউট এবং স্থানীয় শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মিসেস উন্মুল বানীন দ্যুতি মহোদয় প্রধান অতিথি, কুতুকছড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বাবু কানন বিকাশ চাকমা বিশেষ অতিথি, ইনস্টিটিউটের কালচারাল অফিসার, রিসার্চ অফিসার, সঙ্গীত শিক্ষক ও গণ্যমান্য ব্যক্তিসহ এলাকার লোকজন উপস্থিত ছিলেন।






## হস্তশিল্প বুনন প্রশিক্ষণ

ইনস্টিটিউটের উদ্যোগে গত ১৮-২৪ মে ২০২৩ ইং ৭দিন ব্যাপী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী হস্তশিল্প বুনন প্রশিক্ষণ দান করা হয়। মোট ২০জন প্রশিক্ষণার্থীকে হাতের কাজের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে তাদেরকে আনুষ্ঠানিকভাবে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হয়।







## সেমিনার আয়োজন

ইনস্টিটিউটের উদ্যোগে গত ২৭ মে ২০২৩ইং তারিখ ইনস্টিটিউটের অডিটোরিয়ামে "তঞ্চঙ্গ্যা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা সাহিত্য ও সংস্কৃতি" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বাবু মিলন কান্তি তঞ্চঙ্গ্যা ও কর্মধন তঞ্চঙ্গ্যা। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব অংসুই প্রু চৌধুরী দিনব্যাপী সেমিনার উদ্বোধন করেন। সেমিনারে তঞ্চঙ্গ্যা নৃ-গোষ্ঠীর ৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।





**বরেণ্য লেখক ও গীতিকার প্রয়াত সুরেন্দ্র লাল ত্রিপুরা'র জন্মবার্ষিকী উদযাপনঃ**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরে বিশেষ অনুদান (সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষণ ব্যয়) খাত থেকে পার্বত্য চট্টগ্রামের বিশিষ্ট লেখক, গীতিকার প্রয়াত সুরেন্দ্র লাল ত্রিপুরা'র ৮৫তম জন্মবার্ষিকী গত ২৪ জুন ২০২৩ইং তারিখ উদযাপন করা হয়। এই উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা, জীবন ও কর্মের উপর স্মৃতিচারণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলার সাংস্কৃতিক ব্যক্তিত্ব, কবি, লেখক ও সুধিজন উপস্থিত ছিলেন।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ অর্থ বছরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জুলাই ২০২২ - জুন ২০২৩)

### সেকশন ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কৃতি সচেতন আলোকিত সমাজ প্রতিষ্ঠার ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্প-সংস্কৃতির সংরক্ষণ ও উৎকর্ষ সাধন; | ১৫ | [১.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর সঙ্গীত, নৃত্য, নাটকও চারুকলা প্রশিক্ষণ কোর্স আয়োজন | [১.১.১] আয়োজিত কোর্স | গড় | সংখ্যা | ৩ | ৮ | ৯ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | | [১.১.২] প্রশিক্ষণ গ্রহণকারী | গড় | সংখ্যা | ৩ | ৮০ | ৮০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ১০০ | ১০০ |
| | | [১.২] জাতীয় ও রাষ্ট্রীয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন | [১.২.১] আয়োজিত প্রতিযোগিতা | গড় | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | | [১.২.২] অংশগ্রহণকারী প্রতিযোগী | গড় | সংখ্যা | ৩ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ১১০ | ১২০ |
| | | [১.৩] জাতীয় ও রাষ্ট্রীয় দিবস উদযাপন | [১.৩.১] আয়োজিত অনুষ্ঠান | গড় | সংখ্যা | ৩ | ৭ | ৯ | ১০ | ৯ | ৮ | | | ১০ | ১১ |
| | | | [১.৩.২] অংশগ্রহণকারী শিল্পী | গড় | সংখ্যা | ২ | ৮০ | ৮০ | ৮৫ | ৮০ | ৭৫ | | | ৯০ | ৯৫ |
| | | [১.৪] সেমিনার/কর্মশালা আয়োজন | [১.৪.১] আয়োজিত কর্মশালা/সেমিনার | গড় | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | | | | | ১ | ২ |
| | | | [১.৪.২] সেমিনারে অংশগ্রহণকারী | গড় | সংখ্যা | ২ | ৪০ | ৪০ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩২ | ৩০ | ৪২ | ৪৫ |
| | | [১.৫] নাট্য উৎসব আয়োজন | [১.৫.১] নাটক মঞ্চায়ন | গড় | সংখ্যা | ২ | ১ | ২ | ২ | | | | | ২ | ৩ |
| | | | [১.৫.২] অংশগ্রহণকারী নাট্যশিল্পী | গড় | সংখ্যা | ২ | ২৫ | ২৫ | ২৫ | ২৪ | | | | ২৬ | ২৭ |
| [২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস ঐতিহ্যভিত্তিক চেতনার লালন ও চর্চা; | ২৫ | [২.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোক সংস্কৃতি উৎসব আয়োজন | [২.১.১] আয়োজিত উৎসব | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |

চূড়ান্ত দাখিলের সময়: বুধবার, জুন ১৫, ২০২২ ১৪:২২

মুদ্রণ তারিখ: বুধবার, জুন ১৫, ২০২২

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.২] অংশগ্রহণ কারী শিল্পী | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৫ | ৩০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৩৫ | ৪০ |
| | | [২.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর পিঠা/পাচন রান্নার আয়োজন | [২.২.১] আয়োজিত পিঠা/পাচন তৈরী | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [২.২.২] অংশগ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ১০ | ১০ | | | | | ১১ | ১২ |
| | | [২.৩] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী বয়ন ও কারুশিল্প বুনন প্রশিক্ষণ কোর্স আয়োজন | [২.৩.১] আয়োজিত কোর্স | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ২ | ২ | | | | | ২ | ৩ |
| | | | [২.৩.২] প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪০ | ৪০ | ৩০ | | | | | ৪০ | ৪৫ |
| | | [২.৪] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী দুর্লভ সামগ্রী ও প্রত্নবস্তু সংগ্রহ | [২.৪.১] সংগৃহিত সামগ্রী | সমষ্টি | সংখ্যা | ৪ | ৭ | ৮ | ৮ | ৫ | ৪ | | | ৯ | ১০ |
| | | [২.৫] আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন | [২.৫.১] আয়োজিত প্রদর্শনী | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ১ | | | | | ২ | ৩ |
| [৩] ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা ও বর্ণমালা চর্চা, সমৃদ্ধকরণ এবং সমকালীন শিল্পী ও সাহিত্যের বিকাশ সাধন; | ২০ | [৩.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা ও বর্ণমালা প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] আয়োজিত কোর্স | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [৩.১.২] প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ৫ | | ২০ | ২০ | | | | | ২৫ | ৩০ |
| | | [৩.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষায় সাহিত্য বিষয়ক প্রতিযোগিতার আয়োজন | [৩.২.১] আয়োজিত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ১ | | | | | ২ | ৩ |
| | | | [৩.২.২] সনদপত্র বিতরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ১৫ | ২২ | ২৪ |

চূড়ান্ত দাখিলের সময়: বুধবার, জুন ১৫, ২০২২ ১২:২২

মুদ্রণ তারিখ: বুধবার, জুন ১৫, ২০২২